হবেন সভাপতি ভূপেন বরা সহ শীর্ষ নেতৃত্ব। অবশ্যই সাংগঠনিক বিষয়াদি নিয়ে আলোচনা করবেন তারা। প্রতাইইউএফএর সঙ্গে মিত্রতা ভঙ্গ হওয়ার পর প্রথম সাংগঠনিক বিষয়ে আলোচনা করে নেওয়া হবে দলের ভিত্তি মজবুত করা যায় এ নিয়ে এখানকার দলীয় কর্মীদের পাঠ দেবেন সপার্বদ ভূপেন।

তবে দলকে আরও চাপা করতে এপিসি-র আমলে হালাকানি জেলা কমিটিতে নতুন দলি কার্যাব্যবহী সভাপতি পদ সৃষ্টি করা হতে পারে বলে এখানকার এক শীর্ষ নেতা জানিয়েছেন। আর এই দলীয় পদ দু'জনকে দায়িত্ব সময়ে দেওয়ার কথা এদিন অনুষ্ঠানিকভাবে ঘোষণা করার কথা। রয়েছেন সভাপতি ভূপেন বরা। এইদেই শীর্ষ পদে তাদের বসানো হবে এ নিয়ে জেলা কমিটির অঙ্গর মেল চলছে জোর কচা। তবে দলের বিশ্বস্ত সূত্রে খবর, বর্তমান সাংগঠনিক সাধারণ সম্পাদক সামস উদ্দিন মূলফল্লের ও দলের প্রবীণ নেতা একসময়ের গৌতম রায়ের অতি ঘনিষ্ঠ

সম্পদ প্ৰবণতা বহন ক্ষমতা

ଉତ୍କଳ ସୁଦ୍ରଣ

সাদা, কালো, রঙিন নতুন ধারায়

রেণুবো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১

ଫୋନ - ୦୭୮୧-୨୭୮ ୫୯୮୫

ই-মেইল : rainbowprintingworks@gmail.com



আগরগ আগরতলা ৫ আগস্ট, ২০২১ ইং, ■ ১৯ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ, রবিবার

৩০ সেপ্টেম্বর ভবানীপুর-সহ ৩টি আসনে নির্বাচন, গণনা ও অক্টোবর

নয়াদিগ্ধি, ৪ সেপ্টেম্বর (হিস.): অবশেষে স্বস্তি পেল মমতা ভন্দোপাধ্যায়ের দল তৃণমূল কংগ্রেস। আগামী ৩০ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের ভবানীপুর বিধানসভা আসনে উপ-নির্বাচনের ভোটগ্রহণ হবে। শুধু ভবানীপুর নয়, একইসঙ্গে ভোটগ্রহণ হবে রাজ্যের আরও দু’টি বিধানসভা কেন্দ্রে। ভোটগ্রহণের আগেই মুর্শিদাবাদের জঙ্গিপুর ও সামশেরগঞ্জে প্রার্থী মারা গিয়েছিলেন। এই দুই আসনে ৩০ সেপ্টেম্বর ভোট হবে। তবে আপাতত ভবানীপুর, জঙ্গিপুর ও সামশেরগঞ্জে ভোটের তারিখ ঘোষণা করা হলেও খড়দহ, গোসাবা, দিনহাটা এবং শান্তিপুরের বিষয়ে কিছু জানানো হয়নি।

নির্বাচন কমিশন সূত্রে খবর, ৬-১৩ সেপ্টেম্বরের মধ্যে মনোনয়নপত্র জমা দিতে হবে। এই তারিখের মধ্যেই মনোনয়নপত্র জমা দিতে হবে ভবানীপুরের সত্তাব্য প্রার্থী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়কে। এর আগে এই বিধানসভা কেন্দ্রেই জরী হয়েছিলেন শোভনদেব চট্টোপাধ্যায়। বিজেপি প্রার্থী রুহনীল ঘোষকে প্রায় ৫০ হাজারেরও বেশি ভোটে পর্যুদন্ত করেছিলেন। কিন্তু পরে তিনি বিধানসভা পিপ্কারের কাছে পদত্যাগপত্র জমা দেন। জানান, নিজের ইচ্ছা এবং দলের নির্দেশেই তাঁর এই সিদ্ধান্ত। সম্ভবত এই কেন্দ্রেই তৃণমূলের হয়ে লড়াই করবেন দলের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। আজ নির্বাচন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, রিটানিং অফিসারের অনুমতি সাপেক্ষে রোড শো করা যাবে। তবে বাইক বা সাইকেল র্যালি নিষিদ্ধ। রিটানিং অফিসারের অনুমতি সাপেক্ষে শুধুমাত্র স্ট্রিট কর্নার মিটিং করা যাবে। ডোর টু ডোর ক্যাম্পিংয়ের ক্ষেত্রে প্রার্থী-সহ পাঁচজন যাওয়া যাবে। সিইও অনুমতি সাপেক্ষে ভিডিও ক্যাম্পেইনিং করা চলবে। তবে সেখানে ৫০ জনের বেশি মানুষ থাকতে পারবেন না। রিটানিং অফিসারের অনুমতি সাপেক্ষে গাড়ি ব্যবহার করতে হবে। কুড়ি জন স্টার ক্যাম্পেইনার-এর অনুমতি দেওয়া হয়েছে। সাইলেন্স পিরিয়ড হিসেবে দেওয়া হয়েছে ৭২ ঘণ্টা।

জানানো হয়েছে, ভোটের দিন প্রার্থীর গাড়িতে পাঁচজন থাকতে পারবেন। সবচেঁড় দুটি গাড়ি রাখা যাবে প্রার্থীর সঙ্গে। গণনার পর কোনও ধরনের বিজয় মিছিল একেবারেই করা যাবে না। কমিশন সূত্রে খবর, মনোনয়নপত্র জমা দেওয়ার পর আগামী ১৪ সেপ্টেম্বর স্কুটিনি করা হবে এবং ১৬ সেপ্টেম্বর মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। ৩০ সেপ্টেম্বর ভবানীপুরের পাশাপাশি ভোটগ্রহণ হবে মুর্শিদাবাদের সামশেরগঞ্জ এবং জঙ্গিপুরেও। তিনটি কেন্দ্রেরই ভোট গণনা হবে আগামী ৩ অক্টোবর। রাজ্যে বিধানসভা নির্বাচনের ভোট প্রক্রিয়া চলাকালীন মুর্শিদাবাদের জঙ্গিপুর ও সামশেরগঞ্জের প্রার্থী মারা গিয়েছিলেন। ভোটের ফল ঘোষণার আগেই করোনা-আক্রান্ত হয়ে মারা যান খড়দহের তৃণমূল প্রার্থী কাজল সিং। সেখানে জিতেছিল তৃণমূল। বিধায়ক পদে শপথ নেওয়ার পরে মারা গিয়েছেন গোসাবার তৃণমূল বিধায়ক জয়ন্ত নন্দর। এ ছাড়া বিধানসভায় জিতেও সাংসদ পদে থেকে যাবেন বলে দিনহাটা ও শান্তিপুরের বিধায়ক পদ ছেড়েছেন বিজেপি-র দুই সাংসদ নিনীথ প্রামাণিক ও জগন্নাথ সরকার। ফলে পাঁচটি কেন্দ্রে উপনির্বাচন এবং দুটি কেন্দ্রে নির্বাচন বাকি ছিল। সেই ভোটের দাবিতে নির্বাচন কমিশনের কাছে লাগাতার দরবার করছিলেন তৃণমূলের প্রতিনিধিরা। এই কেন্দ্রগুলিতে যাতে পুজোর আগেই নির্বাচন সম্পন্ন হয় তারজন্য অনুরোধও করছিলেন। অবশেষে মিলে সবুজ স্কেত।

গত ৫ মে মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। সাংবিধানিক নিয়ম মেনে ৫ নভেম্বরের মধ্যে তাঁকে বিধায়ক হয়ে আসতে হবে। বিধানসভা ভোটের ফলপ্রকাশের পর তিন মাস অতিক্রান্ত হয়ে যেতেই উপনির্বাচনের দাবিতে বারবার নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে তৃণমূল। অবশেষে শনিবার উপনির্বাচনের দিনক্ষণ ঘোষণা করল নির্বাচন কমিশন। অন্যান্য কেন্দ্রের তুলনায় সবথেকে বেশি নজরে থাকবে

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ
<div><div><div><div><div><div></div></div></div><div><div><div></div></div></div><div><div><div></div></div></div></div></div></div> <div>জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।</div>
বিজ্ঞাপন বিভাগ <p>জাগরণ</p>
<p>জরুরী পরিষেবা</p>
<p>হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। অ্যান্ডুলেস : একতা সম্ভ্রা : ৯৭৭৪৯৮৯৯৩৬ ব্লু লোন্স ক্লাব : ৯৪৩৬৫৮২৫৬, শিবদেব মর্ডার্য ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ ১৮৮৬২৭৭৪২৮ কর্ণেল টোমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/সহতিয় ক্লাব : ৮৭৪৪১ ৬৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৪৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৪৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪৪১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩৩-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন : ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘণ্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এন্স), আইজিএম : ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৭৭৪০৫০০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬৩ ৩৩৭৭৬, শববাহী যান : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্‌স সিঙ্কিঙ্কে : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা টোমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস- প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৪৩৩০, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কর্পোরাল : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা টোমুহনী : ২৩২-০৭০০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৪০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪২০২০, এয়ার ইন্ডিয়া (টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।</p>

ভবানীপুর বিধানসভা আসন। এই আসনে প্রার্থী হওয়ার কথা রয়েছে মমতারা। গত বিধানসভা ভোটে ভবানীপুরে প্রার্থী হয়েছিলেন কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। তিনি ২১ মে বিধায়ক পদ থেকে ইস্তফা দিয়েছেন। আর তার পরেই তৃণমূল সূত্রে জানা যায়, এই আসনে প্রার্থী হবেন মমতাই। তাই উপনির্বাচন ঘোষণার অনেক আগে মে মাস থেকেই ওই আসনের উপনির্বাচনের প্রস্তুতিতে নেমে পড়ে তৃণমূলের শীর্ষ নেতারা।

২৪ ঘন্টায় ৫৮-লক্ষেরও বেশি, ভারতে টিকাকরণ ৬৭.৭২-কোটির উধে

নয়াদিগ্ধি, ৪ সেপ্টেম্বর (হিস.): ভারতে বিগত ২৪ ঘন্টায় করোনার ভ্যাকসিন পেয়েছেন ৫৮.৮৫-লক্ষের বেশি মানুষ। একইসঙ্গে বাড়তে বাড়তে ভারতে ৬৭.৭২-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড টিকাকরণের সংখ্যা। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত মোট ৬৭,৭২,১১,২০৫ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় (শুক্রবার সারাদিনে) টিকা দেওয়া হয়েছে ৫৮,৮৫,৬৮৭ জনকে। ভারতে ৫২.৮২-কোটির উর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা।

পঞ্জশির দখলে তালিবানের “টৈশাচিক” উল্লাস, গুলিবৃষ্টিতে মৃত ১৭

কাবুল, ৪ সেপ্টেম্বর (হিস.) : ফের উত্তপ্ত কাবুল। শুক্রবার গভীর রাতে ফের গুলিবর্ষণ শুরু হয় আফগানিস্তানের রাজধানীতে। সূত্রের খবর, ঘটনায় কমপক্ষে ১৭ জন মারা গিয়েছেন। আহতের সংখ্যা প্রায় ৪১। আহতের ভর্তি করা হয়েছিল কাবুলের হাসপাতালে। সেই হাসপাতালের তরফ থেকে জানানো হয়েছে, শহরের বিভিন্ন প্রান্তে শূন্যে গুলি ছোড়ার ঘটনা ঘটে। যার জেরে ভয়াবহ পরিণতির সাক্ষী হয় কাবুল। জানা গিয়েছে, পঞ্জশির দখলে থবর রাজধানীতে পৌঁছতেই তালিবানরা গুলি চালিয়ে উল্লাসে মেতে উঠেছিল। মাসুদ রাজ্য দখল করাটাই অন্যতম লক্ষ্য হয়ে উঠেছিল তালিবানের। নর্দার্ন অ্যালায়েন্স দুর্দান্ত প্রতিরোধ করেছে। যদিও শুক্রবার গভীর রাতে তালিবানের তরফ থেকে দাবি করা হয়, পঞ্জশিরের দখল নিতে সক্ষম হয়েছে তাঁরা। সূত্রে জানা গিয়েছে, পঞ্জশিরে মাসুদ গোষ্ঠীর সঙ্গে তালিবানের ভয়াবহ যুদ্ধে দুই পক্ষের ৩০০ এরও বেশি যোদ্ধা মারা গিয়েছেন। যদিও পরবর্তীতে আফগানিস্তানের স্বঘোষিত প্রেসিডেন্ট আমরুল্লাহ সালেহ জানিয়েছেন, “এখনও প্রতিরোধ চলছে”। এদিকে নর্দার্ন অ্যালায়েন্সের নেতা আহমদ মাসুদ বলেন, “পাকিস্তানি মিডিয়া ভুয়ো খবর করতে শুরু করেছে। স্বাভাবিকভাবেই পঞ্জশির দখলের বিষয়টি সম্পূর্ণ মিথ্যা”। স্বাভাবিকভাবেই আসল অবস্থা ঠিক কী তা নিয়ে ঘোঁষাশা রয়েছে গিয়েছে।

আমরা বাংলা থেকে ত্রিপুরায় সরকার চালাবো না ঃ মলয় ঘটক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। আমরা বাংলা থেকে ত্রিপুরায় সরকার চালাবো না। সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন পশ্চিমবঙ্গের মন্ত্রী মলয় ঘটক। তিনি বলেন, ত্রিপুরার সিপিআই(এম) সরকার ত্রিপুরায় কিছু করেনি, তারপর বিজেপি সরকার বাকি যা ছিল তাই করেছে। তারা দু’টিমুঠে চাকরির প্রতিশ্রুতি দিয়েছিল এবং বিদেশ থেকে কালো টাকা ফেরত আনার জন্য প্রতিশ্রুতি দিয়েছিল। তারা প্রত্যেক ভারতীয়দের ব্যাংক একাউন্টে ১৫ লক্ষ টাকা জমা দেওয়ার কথাও বলেছিল। পরিবর্তে বিজয় মালিয়া এবং নীরব মোদীর মতো শিল্পপতিরা ব্যাংক লুট করে ভারত থেকে পালিয়ে গিয়েছে। ভারতীয় অর্থনীতি সর্বকালের তুলনায় সর্বনিম্ন। এমনকি আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম কমে গেলেও ভারত সরকার দাম বাড়িয়েছে। সরকার আদানি এবং আস্থানির কাছে পাবলিক প্রপার্টি এবং পাবলিক প্রতিষ্ঠান বিক্রি করছে। তাছাড়া, খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি প্রত্যেক ভারতীয়ের জীবনকে প্রভাবিত করছে। এদিকে পশ্চিমবঙ্গে সম্ভারতীয় তৃণমূল কংগ্রেস তৃতীয়ারের মতো সরকার গঠন করে এটি একটি কল্যাণমূলক রাজ্যে পরিণত করেছে।

অভিষেক বন্দ্যোপাধ্যায় ত্রিপুরায় নজর রেখেছেন। তিনি বলেছেন যে যদি কেউ ত্রিপুরায় সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সদস্যদের আক্রমণ করে সে রাজ্যে একে তাদের পাশে দাঁড়াবে। সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস ত্রিপুরা থেকেই লোকদের বেছে নেবে পরবর্তী নির্বাচনের জন্য। আমরা বাংলা থেকে সরকার চালাবো না। আমরা এমন নেতা তৈরি করব যারা রাজ্য থেকে উঠে আসবে, যারা তার লোককে চেনে। এর জন্য আমাদের একটি শক্তিশালী সংগঠন গড়ে তুলতে হবে।কমিউনিস্ট সরকারকে ক্ষমতাচ্যুত করার জন্য ত্রিপুরার জনগণ বিজেপি সরকারকে নিয়ে আসে। এখন সবাই এই সিদ্ধান্তে জ্ঞান অনুতপ্ত। আমরা সবাই এর জন্য দায়ী কিন্তু তার মানে এই নয় যে বিজেপি সরকার যাইছাড়া তাই হবে।গণতন্ত্র জনগণের জন্য। জনসাধারণ বিজেপিকে ক্ষমতায় এনেছে। তারা ত্রিপুরা জুটমিল শ্রমিক কর্মচারী, ডাই ইন হারনেস ও পেনশনার সমূহের যৌথ আন্দোলন কমিটির আহ্বানে তারা প্রতিবাদ-বিক্ষোভ আন্দোলনে শমিল হন।কনভেনার ধর্মমনি সিং স্পষ্টভাবে জানিয়ে নেন সরকার তাদের দাবি মেনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করে তারা আরও বৃহত্তর আন্দোলনে শামিল হতে বাধ্য হবেন। তিনি জানান তৃপুরা হাই কোর্ট তাদের পক্ষেই রায় দিয়েছে। অথচ তারা সরকার হাইকোর্টের ডিভিশন বেঞ্চে এ ব্যাপারে আপিল করেছে। আগামী ৭ সেপ্টেম্বর ত্রিপুরা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে মামলাটি শুনানির জন্য উঠবে ত্রিপুরা জুটমিল শ্রমিক কর্মচারী, ডাই ইন হারনেস ও পেনশনার সমূহের যৌথ আন্দোলন কমিটির পক্ষ থেকে রাজ্য সরকারের কাছে আবেদন জানানো হয়েছে তারা যেন তাদের আপিলের আবেদন প্রত্যাহার করে নেন। জুটমিল কর্মচারী ও পেনশনারদের ন্যায্য দাবি মিটিয়ে দেওয়ার জন্য তারা দাবি জানিয়েছেন আগামী ১০ সেপ্টেম্বর সংগঠনের পক্ষ থেকে ইপিএফ অফিসের সামনেও প্রতিবাদ বিক্ষোভ সংগঠিত করা হবে।

জুটমিলের সামনে বিক্ষোভ প্রদর্শন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। ত্রিপুরা জুটমিল শ্রমিক কর্মচারী, ডাই ইন হারনেস ও পেনশনার সমূহের যৌথ আন্দোলন কমিটির আহ্বানে শনিবার হাপানিয়া জুট মিল গেটের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। কনভেনার ধর্মমনি সিং এর নেতৃত্বে বিক্ষোভ প্রদর্শন আন্দোলন সংগঠিত করা হয়। জুটমিল কর্মচারী ন্যায্য পাওনা মিটিয়ে দেওয়ার দাবিতে আন্দোলনে সামিল হয়েছেন। শনিবার বাধারঘাটের হীপানিয়ায় জুট মিলের মূল ফটকের সামনে প্রতিবাদ বিক্ষোভ সংঘটিত করা হয়।ত্রিপুরা জুটমিল শ্রমিক কর্মচারী, ডাই ইন হারনেস ও পেনশনার সমূহের যৌথ আন্দোলন কমিটির আহ্বানে তারা প্রতিবাদ-বিক্ষোভ আন্দোলনে শমিল হন।কনভেনার ধর্মমনি সিং স্পষ্টভাবে জানিয়ে নেন সরকার তাদের দাবি মেনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করে তারা আরও বৃহত্তর আন্দোলনে শামিল হতে বাধ্য হবেন। তিনি জানান তৃপুরা হাই কোর্ট তাদের পক্ষেই রায় দিয়েছে। অথচ তারা সরকার হাইকোর্টের ডিভিশন বেঞ্চে এ ব্যাপারে আপিল করেছে। আগামী ৭ সেপ্টেম্বর ত্রিপুরা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে মামলাটি শুনানির জন্য উঠবে ত্রিপুরা জুটমিল শ্রমিক কর্মচারী, ডাই ইন হারনেস ও পেনশনার সমূহের যৌথ আন্দোলন কমিটির পক্ষ থেকে রাজ্য সরকারের কাছে আবেদন জানানো হয়েছে তারা যেন তাদের আপিলের আবেদন প্রত্যাহার করে নেন। জুটমিল কর্মচারী ও পেনশনারদের ন্যায্য দাবি মিটিয়ে দেওয়ার জন্য তারা দাবি জানিয়েছেন আগামী ১০ সেপ্টেম্বর সংগঠনের পক্ষ থেকে ইপিএফ অফিসের সামনেও প্রতিবাদ বিক্ষোভ সংগঠিত করা হবে।

টিকাকরণ নিয়ে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির সাথে পর্যালোচনা বৈঠক করলেন স্বাস্থ্য সচিব

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব রাজেশ তুষণ আজ ১১ টি উত্তর-পূর্ব এবং পার্বত্য রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা সভার সভাপতিত্ব করেন। রাজ্যগুলি হল অরুণাচল প্রদেশ, আসাম, জম্মু ও কাশ্মীর, লাদাখ, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম, ত্রিপুরা এবং উত্তরাখণ্ড। শুরুতে, স্বাস্থ্য সচিব যেসব বিষয়ের উপর জোর দিয়েছিলেন সেগুলি হল- রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে ১৮ উর্ধ্ব জনসংখ্যার শ্রেণীর মধ্যে প্রথম ভোজ কভারেজ দ্রুত পূরণ করতে হবে। রাজ্যগুলিকে অবশ্যই ৬০ উর্ধ্ব বয়সের গোষ্ঠীর দিকে মনোযোগ দিতে হবে কারণ আসাম, মণিপুর, অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ড এবং মেঘালয়ে এই শ্রেণীর উভয় ভোজের কভারেজ অসন্তোষজনক।

দশ লক্ষাধিক টাকার গাঁজাসহ পানিসাগরে আটক লরিচালক

নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ৪ সেপ্টেম্বর।।গোপন খবরের ভিত্তিতে জাতীয় সড়কে তল্লাশি চালিয়ে একটি ট্রাক থেকে উদ্ধার ১৭০ কেজি গাঁজা। উদ্ধারকৃত গাঁজার বাজার মূল্য প্রায় দশ লক্ষাধিক টাকা সাথে আটক লরি এবং লরি চালক ইমরান হোসেন(২৭) পানিসাগর থানার পুলিশ একটি এনডিপিএস ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করেছে।

আগামীকাল ধৃত চালককে আদালতে সোপর্দ করবে পুলিশ। ঘটনার বিবরণে প্রকাশ, উত্তর জেলার পানিসাগর থানার ওসি সৌগত চাকমার কাছে গোপন সূত্রের খবর ছিল,বারো চাকার একটি লরি করে বিপুল পরিমাণ গাঁজা রাজ্য থেকে বেরিয়ে যাবে কেই গোপন সূত্রের ভিত্তিতে পানিসাগর থানা এলাকার ৮ নং আসাম আগরতলা জাতীয় সড়কে উৎপেতে বসে থাকে পানিসাগর থানার পুলিশ আজ ঠিক দুপুর গড়িয়ে আসতেই আগরতলা থেকে আসন্ন অতিমুখী ডঙ্কহাট্ট/৩১৪৭ নম্বরের একটি বারো চাকার লরি দৌড় করিয়ে তল্লাশি চালায় পুলিশ। উক্ত গাড়ির ভেতরে গোপন স্থান থেকে ১৩ প্যাকেটে মোট ১৭০ কেজি গাঁজা উদ্ধার করতে সক্ষম হয় পানিসাগর থানার পুলিশ। সাথে আটক করা হয় লরি চালক ইমরান হোসেন (২৭) পিতা রফিক মিয়াকে। ধৃত লরি চালকের বাড়ি সুনামুড়ার মতি নগর এলাকার ৩ নং ওয়ার্ডে। এদিকে পানিসাগর মহকুমা পুলিশ আধিকারিক সৌভিক দে জানান, গোপন সংবাদের ভিত্তিতে একটি লরিতে তল্লাশি চালিয়ে ১৭০ কেজি গাঁজা উদ্ধার করতে সক্ষম হয়েছে পানিসাগর থানার পুলিশ। উদ্ধারকৃত গাঁজার বাজার মূল্য প্রায় দশ লক্ষাধিক টাকা বলে জানিয়েছেন মহকুমা পুলিশ আধিকারিক।তিনি আরো জানান, বিপুল পরিমাণ গাঁজার সাথে লরি এবং লরি চালককে আটক করেছে পুলিশ।বর্তমানে উদ্ধারকৃত গাঁজা, লরি এবং লরি চালক পানিসাগর থানার হেফাজতে রয়েছে। মহকুমা পুলিশ আধিকারিক আরো জানান,এই গাঁজা গুলি সুনামুড়া এলাকা থেকে বহিঃ রাজ্য অসমে পাচারের উদ্দেশ্যে গণ্ডি যাওয়া হচ্ছিল। পাশাপাশি পানিসাগর থানার পুলিশ একটি এনডিপিএস ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করে দিয়েছে।আগামীকাল ধৃত চালক ইমরান হোসেনকে ধর্মনগর জেলা আদালতে সোপর্দ করবে পানিসাগর থানার পুলিশ।

শ্রীলঙ্কার একটি গান গেয়ে ভাইরাল রাজ্যের অনুকৃতি দেবনাথ

নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ৪ সেপ্টেম্বর।। শ্রীলঙ্কার সেই ভাইরাল গান মনিকে মাগে হিতে র কাভার সং করে এভার ভাইরাল রাজ্যের এক ক্ষুদে শিল্পী অনুকৃতি দেবনাথ। শ্রীলঙ্কার ভাইরাল গান মনিকে মাদ্লে হিতে র কাভার সং করে এভার ভাইরাল রাজ্যের এক ক্ষুদে শিল্পী অনুকৃতি দেবনাথ উত্তর জেলার ধর্মনগর মহকুমার শ্রীপুর গ্রামের বাসিন্দা ধ্রুবজ্যোতি দেবনাথ ও অরুনা রায়ের ৭ বছরের মেয়ে আজ নেটিজেনদের চোখের মনি। শ্রীলঙ্কার সেই বিখ্যাত গানটির কাভার সং করে লাখ লাখ মানুষের মন ছুঁয়েছে ক্ষুদে শিল্পী অনুকৃতি। অনুকৃতি বাবা মায়ের একমাত্র কন্যা সন্তান। ধর্মনগরের মিশন রোডের শিক্কা ভবন মর্টেস্ট্রানী স্কুলের চতুর্থ শ্রেণীর ছাত্রী অনুকৃতি বাবা পেশায্য রাজ্যের সুপরিচিত একজন প্রফেশনাল ফটোগ্রাফার। আর মা গৃহপরিচারিকা। অনুকৃতির সঙ্গীতে কোন সঙ্গীত শুরু নেই।বাবা মা এবং ঠাকুমার কাজ থেকেই তালিম নিয়ে আজ লাখ মানুষের মন জয় করে নিয়েছে ক্ষুদে শিল্পী অনুকৃতি।অনুকৃতির বাবা মা জানান,বছর তিনেক বয়সে অনুকৃতি ডিভি দেখে দেখে হলিউডের ইংলিশ গান অনায়াসে গেয়ে ফেলত আর তিন বছর বয়স থেকেই আজ অন্দি বাবা,মা ও ঠাকুমা তাকে সঙ্গীতের তালিম দিয়ে যাচ্ছেন যে কোন গান এক থেকে দুবার শুনে অনায়াসে কভার সং করে দিতেপারে।তবে বরাবরই ওয়েস্টার্ন সং অনুকৃতির পছন্দের বর্তমান পর্যন্ত প্রায় ত্রিশটির নয়টা নাগাদ সন্দেশ জনক থোরাকেরা জন্ম বদশমেকাকের মৃত উত্তম দেবনাথের কাভার সং করেছে।আর সেই সকল কাভার সং করে পূর্বেও ক্ষুদে শিল্পী হিসাবে অনেক সুনাম কুড়িয়েছে অনুকৃতি পেয়েছে অনেক এওয়ার্ড। দুই হাজার কুড়ি সালে আর্থল্যাটিক লীপা কর্মকারের সাথে ক্ষুদে শিল্পী হিসেবে অনুকৃতিকে বিশেষ সম্মাননা প্রদান করা হয় বলে জানান অনুকৃতির বাবা,মা। তারা আরো জানায়, পূর্বে ওয়েস্টার্ন সং দিয়ে নেট দুনিয়ায় ভাইরাল হয়েছিল অনুকৃতি। কিন্তু সম্প্রতি ইউহানির ‘মনিকে মাদ্লে হিতে’ র কাভার সং করে তারারাতারি ভোজের গন্ডি পেরিয়ে গোটা ভারতবর্ষ সহ পাশবর্তী দেশ গুলিতে নেটিজেনদের মন ছুঁয়েছে অনুকৃতির কাভার সং টি। আগামী দিনে ক্ষুদে শিল্পী অনুকৃতি রাজ্য এবং দেশের নাম বিশ্বের দরবারে নিয়ে যাবে বলে আশাবাদী নেটিজেনরা।শ্রীলঙ্কার জনপ্রিয় মনিকে মাদ্লে হিতে কাভার সং টিতে অনুকৃতির সাথে সঙ্গ দিয়েছেন ধর্মনিগরের আরেক প্রতিভাবান শিল্পী পলাশ মালাকার।

উদয়পুরে ফের বাইক চুরি

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৪ সেপ্টেম্বর।। গতকাল টি আর জিরো থ্রি ডি- ৩৬৬৩ নাম্বারের বাইকটি রাধাকিশোরপুর থানার অন্তর্গত উদয়পুর মহাদেব বাড়ি সংলগ্ন এলাকা থেকে চুরি হয়। এর দশ দিন আগে এ একই জায়গা থেকে আরেক টি বাইক চুরি হয়েছিলো। গতকালই বাইকটি ছিলো নিশিকান্ত রায়ের ছেলে নিলয় রায়ের। দর্শনির আগে উদয়পুর ভগ্নি নিবেদিতা বালিকা বিদ্যালয়ের সামনে থেকে আরেক টি বাইক চুরি হয়েছিলো, ঠিক বারো দিন আগে উদয়পুর রাজারবাগ মোটর স্ট্যান্ড সংলগ্ন ওয়ারির বিল্ডিং য়ের সামনে থেকে একটি বাইক চুরি হয়েছিলো। পুলিশ বাইক চুরির সাথে জড়িত কোন চোরকে আটক করতে পারেনি। আজ উদয়পুর কয়লার মাঠ এলাকার জনগণ রাত আনুমানিক সাড়ে তিনটা নাগাদ সন্দেশ জনক থোরাকেরা জন্ম বদশমেকাকের মৃত উত্তম চক্রবর্তীর ছেলে সঞ্জয় চক্রবর্তী ও একই থানার অন্তর্গত কয়লার মাঠ এলাকার মৃত নাট্য নাথ্যর ছেলে চিত্রন নাথ্যকে আটক করে রাধাকিশোরপুর থানার পুলিশের হাতে তুলে নেন। রাধাকিশোরপুর থানার পুলিশ জিজ্ঞাসাবাদ শুরু করেছেন। পক্ষ কালের মধ্যে এতে গুলি বাইক চুরি যাওয়ার ঘটনায় বাইক মালিক ও জনগণের মধ্যে উৎকণ্ঠা বৃথগুণ বৃদ্ধি পেয়েছে।এখনো একটি ঘটনার ও কিনারা করতে পারেনি রাধাকিশোরপুর থানার পুলিশ।

রাজন্য আমলের দিঘিগুলি পরিদর্শন করলেন কৃষিমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৪ঠা সেপ্টেম্বর।। শনিবার সকাল ১১ টায় রাজ্যের কৃষক ও কৃষক কল্যাণ দপ্তর, পরিবহন ও পর্যটন মন্ত্রী প্রজিৎ সিংহ রায় উদয়পুরের রাজন্য আমলের দিঘি গুলি পরিদর্শন করেন। গোমতী জেলার বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে উদয়পুর জগন্নাথ দিঘি,মহাদেব দিঘি এবং শ্রীশ্রীমাতা ত্রিপুরাসুন্দরী মন্দির চত্বর পরিদর্শন করেন।। শনিবার সকালে প্রথমে পর্যটন মন্ত্রী মহাদেব দিঘী পরিদর্শন করেন। উদয়পুরের ৫০০বছরের পুরানো মহাদেব দিঘির উন্নয়নে পরিকল্পনা গ্রহন করেছে দপ্তর। পরিদর্শন কালে মন্ত্রীর সাথে ছিলেন পূর্ব দপ্তর, পর্যটন দফতর সহ অন্যান্য লাইন দপ্তরের আধিকারিকরা মন্ত্রী প্রজিৎ সিংহ রায় দিঘির চারদিকে ঘুরে দেখেন। পর্যটন মন্ত্রী জানিয়েছেন, আগামী এক মাসের মধ্যে মহাদেব দিঘী নতুন ভাবে সাজিয়ে তোলা হবে। যা ইতিমধ্যেই ডিমারগ্রেশন বা সীমানা নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি আগামী ১৫ দিনের মধ্যে উদয়পুর জগন্নাথ দ্বিঘি কাজ পুনরায় শুরু হবে। কোভিড ১৯ এর কারণে জগন্নাথ দ্বিঘির কাজ বন্ধ ছিল। বর্তমানে পরিস্থিতি কিছুটা অনুকূলে থাকার ফলে কাজ পুনরায় শুরু হচ্ছে। ইতিমধ্যেই উদয়পুর জগন্নাথ দ্বিঘীর পাড় বঁধানো, চারপাড়ে রেলিং ও উত্তর পাড়ে পথচারীদের জন্য পায়ে হাঁটার রাস্তার কাজ শেষ হয়েছে। সৌন্দর্যয়ন এবং দ্বিঘীর মাটি উঠিয়ে জলাশয়টিকে দৃশ্যমুক্ত করার ও কাজে হাত দেওয়া হয়েছে এবং আগামী ১বছরের মধ্যে কাজ শেষ করার সময় ধার্য করা হয়েছে। মহাদেব দিঘির পরিদর্শন শেষে উদয়পুর ত্রিপুরেশ্বরী মন্দিরে প্রসাদ প্রকল্পের কাজকর্ম খতিয়ে দেখতে শনিবার দুপুরে মাতাবাড়ি পরিদর্শন করেন পর্যটন মন্ত্রী। ঘুরে দেখেন মাতারবাড়ি মন্দির এলাকা। কথা বলেন মন্ত্রী পর্যটন দপ্তরের আধিকারিকদের সাথে। মন্ত্রীর এই ধরনের শহর সৌন্দর্যয়নের উদ্যোগকে স্বাগত জানিয়েছেন বুদ্ধিজীবী মহল।

তৃণমূল কংগ্রেস

- প্রথম পাতার পর**

মানুষের কঠস্বর ভেসে যাবে।

তাঁর সাফ কথা, আপনাদের মধ্যেই নেতা লুকিয়ে রয়েছেন। তাঁকেই অভিষেক বন্দ্যোপাধ্যায় খুঁজে বের করবেন। তিনি বলেন, সমবেতভাবে সংগঠন সাজিয়ে নেওয়ার চেষ্টা চলছে। তৃণমূল ছাড়া অন্য কোনও দল এভাবে সংগঠন সাজিয়ে তুলে না।

ব্রাত্যের ঈশ্বর্য্যিরিতে স্পষ্ট, সংগঠন শুরুতেই নেতৃত্ব সংকটে ভুগবে। স্থানীয় নেতাদের তৃণমূল পছন্দ করছে না। পশ্চিমবঙ্গ থেকে নেতা এসে ত্রিপুরায় সংগঠন বিস্তার সম্ভব নয়। ফলে, অত্ক্রমশৈল আশীমাদিনে তৃণমূলকে কোণঠাসা করবে, এ-কথা অস্বীকার করার কোনও অবকাশ নেই। কারণ, ত্রিপুরাবাসীর সায়্বর চাপ বৃবতে হলে আই-প্যাকের সমীক্ষা থেকেও স্থানীয় নেতাদের ওপর নির্ভরতা অনেক বেশি জরুরি বলে মনে করছে রাজনৈতিক পর্যবেক্ষক মহল।

গ্রাহকের

- প্রথম পাতার পর**

বাহিনীকে।

দমকল বাহিনী এসে বৃদ্ধকে উদ্ধার করে আইজিএম হাসপাতালে নিয়ে যায়। আইজিএম হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। মৃতদেহটি মহানতদন্তের জন্য জিবি হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। হদ্রীপ মজুমদার নামে ওই ব্যক্তির মৃত্যুর ঘটনায় গোটা এলাকায় গভীর শোকের ছায়া নেমে আসে। পরিবারের লোকজনরা শোকগ্রস্ত হয়ে পড়েন।পুলিশ এ ব্যাপারে প্রাথমিকভাবে অস্বাভাবিক মৃত্যু জড়িত একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে।

শ্রমিকের

- প্রথম পাতার পর**

তাকে আশঙ্কাজনক অবস্থায় সেখান থেকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। হাসপাতালে নিয়ে যাওয়া হলে কিছুক্ষণ পর তার মৃত্য



সোনা জিতে দেশকে গর্বিত করলেন মণীশ রূপোজয়ী সিংরাজকে অভিনন্দন মোদীর

টোকিও ও নয়াদিল্লি, ৪ সেপ্টেম্বর (হি.স.): টোকিও প্যারালিম্পিকে ভারতকে পদক উপহার দিলেন শুটার মণীশ নারওয়াল ও সিংরাজ আধানা। শুটিয়ে (পি ৪ মিক্সড) ৫০ মিটার পিস্তল ইভেন্টে (এসএইচ ১) সোনা জিতেছেন মণীশ, ওই ইভেন্টেই রংপো জিতেছেন সিংরাজ আধানা। জন্ম থেকে ডান হাত প্রায় অকেজে মণীশের, কোনও বাধাই যে তাঁর কাছে বাধা নয়, তা প্রমাণ করে দিলেন মণীশ নারওয়াল। শনিবার ঝাঁ হাতেই ৫০ মিটার পিস্তল ইভেন্টে দেশকে সোনা এনে

দিলেন মনীশ। সেই ইভেন্টেই রংপো জিতলেন ভারতের সিংহরাজ আদানা। ১৯ বছরের মণীশ প্যারালিম্পিকে রেকর্ড গড়ে সোনা জিতলেন। শনিবার তাঁর স্কোর ২১৮.২। রূপো জয়ী সিংরাজের স্কোর ২১৬.৭। রোঞ্জ জিতেছেন রাশিয়ার সের্জি মালিশেভ। শুরংটা ভালই করেছিলেন সিংরাজ। প্রথম ১০টি শর্টের পর ৯২.১ পয়েন্ট স্কোর করে শীর্ষে ছিলেন তিনিই। যোগ্যতা অর্জন পর্বে সপ্তম স্থানে থাকা মনীশের স্কোর ছিল ৮৭.২ পয়েন্ট। ১৮ নম্বর শর্টের শেষে চার নম্বরে

ছিলেন মনীশ। পরের দুই শটে তিনি স্কোর করেন যথাক্রমে ১০.৮ এবং ১০.৫। সিংরাজকে টপকে সোনা নিশ্চিত করেন তিনি। এই নিয়ে টোকিও প্যারালিম্পিকে ভারতের পদক সংখ্যা বেড়ে হল ১৫। এই সাফল্যের জন্য মণীশ ও সিংরাজকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। টুইট করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, ‘টোকিও প্যারালিম্পিক থেকে গৌরব অব্যাহত। তরুণ ও দুর্দান্ত প্রতিভাবান মণীশ নারওয়ালের

দুর্দান্ত সাফল্য। তাঁর স্বর্ণপদক জয় ভারতীয় খেলাধুলার জন্য একটি বিশেষ মুহূর্ত। তাঁকে অভিনন্দন। ভবিষ্যতের জন্য শুভকামনা।’ অপর টুইটে প্রধানমন্ত্রী লিখেছেন, ‘দুর্দান্ত সিংরাজ আধানা আবারও করে দেখালেন। তিনি মিক্সড ৫০ মিটার পিস্তল এসএইচ ১ ইভেন্টে এবার একটি পদক জিতেছেন। তাঁর কৃতিত্বের জন্য ভারত আনন্দিত। তাঁকে অভিনন্দন। ভবিষ্যতের প্রচেষ্টার জন্য শুভ কামনা করছি।’ উভয়কে ফোন করেও অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী। হিন্দুস্থান সমাচার।

টোকিওয় পদকপ্রাপ্ত প্রথম আইএএস-প্রতিযোগীকে অভিনন্দন কেন্দ্রীয় মন্ত্রীর

কলকাতা, ৪ সেপ্টেম্বর (হি. স.): টোকিওয় পদকপ্রাপ্ত প্রথম আইএএস-প্রতিযোগী সুহাস এল ওয়াই ই ইয়াতিরাজকে অভিনন্দন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশিথ অধিকারী। শনিবার নিশীথবাবু টুইটে লিখেছেন, “এটা শুধু ভারতে হয় ... পেশায় জেলাশাসক সুহাস ইয়াতিরাজ প্যারালিম্পিকে চূড়ান্ত নামলেই সব ক্লাস্তি ভ্যানিশ!” স্বর্ণপদক ম্যাচের জন্য ব্রুজ কথগুলো ঝাঁর তিনি দেশের

খেলার ইতিহাসে নাম তুলে ফেলেছেন ইতিমধ্যেই। ভারতের প্রথম আইএএস যিনি প্যারালিম্পিকে অংশগ্রহণ করছেন ক্রীড়াবিদ হিসেবে। বিশ্বের তৃতীয় সেরা প্যারা-ব্যাডমিন্টন প্লেয়ার টোকিও প্যারালিম্পিক্সের আসরে ভারতের প্রতিনিধি। নয়ডার গৌতম বুদ্ধ নগরের জেলা

ম্যাজিস্ট্রেট প্যারা-ব্যাডমিন্টন খেলোয়ারের কাছে আধ্যাত্মিক অভ্যাসের মতো। যেটা ছাড়া একটা দিনই তিনি নিজেকে ভাবতে পারেন না। সুহাস বলেন, সব রহস্য লুকিয়ে আছে টাইম ম্যানেজমেন্টের ওপর। সেটাই হার কেঁরয়ারে শেষ কথা। হিন্দুস্থান সমাচার/ অশোক

মনোজ সরকারকে অভিনন্দন প্রধানমন্ত্রীর

কলকাতা, ৪ সেপ্টেম্বর (হি. স.): টোকিও প্যারা অলিম্পিকে রোঞ্জ জয়ের জন্য মনোজ সরকারকে অভিনন্দন জানানেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী টুইটে লিখেছেন, “মনোজ সরকারের চমৎকার ভূমিকায় আমি আনন্দিত। ব্যাডমিন্টনে মর্যাদাপূর্ণ রোঞ্জ পদক আনার জন্য তাঁকে অভিনন্দন। তাঁর ভবিষ্যতের জন্য শুভ কামনা করছি।” পদকজয়ীদের তালিকায় ঢুকে পড়লেন বাংলার মনোজ কুমার। শনিবার পুরুষদের এসএল-৩ বিভাগে জাপানের প্রতিপক্ষ দাইসুকে ফুজিহারাকে স্ট্রেট সেটে হারালেন তিনি হিন্দুস্থান সমাচার/ অশোক

প্যারালিম্পিকে আরও দু’টি পদক পেল ভারত,

দেশকে গর্বিত করলেন প্রমোদ ও মনোজ

টোকিও, ৪ সেপ্টেম্বর (হি.স.): টোকিও প্যারালিম্পিকে আরও দু’টি পদক এল ভারতের বুলিতে। ছেলেনদের ব্যাডমিন্টন সিপলে (এসএল ৩) সোনা জিতেছেন প্রমোদ ভগত। এই একই ইভেন্টে রোঞ্জ জিতেছেন মনোজ সরকার। টোকিও প্যারালিম্পিকে এই নিয়ে চতুর্থ সোনা এল ভারতের বুলিতে। ঝাঁ পায়ে অসুবিধা নিয়েও সোনা জয় বিশ্বের এক নম্বর ব্যাডমিন্টন তারকার। গ্রেট ব্রিটেনের প্রতিপক্ষ ডানিয়াল বেথেলকে ২১-১৪, ২১-১৭ গেমে হারিয়ে দিলেন প্রমোদ ভগত পাঁচ বছর বাস থেকে ঝাঁ পায়ে অসুবিধা শুরু হয় প্রমোদের। ১৩ বছর বয়সে ব্যাডমিন্টনের ম্যাচ দেখতে গিয়ে সেই খেলায় আকৃষ্ট হয়ে পড়েন তিনি। ১৫ বছর বয়সে সাধারণ খেলোয়াড়দের একটি প্রতিযোগিতায় অংশ নেন প্রমোদ। দর্শকদের চিৎকার উদ্ভুদ্ধ করে তাঁকে। ব্যাডমিন্টন খেলাকেই জীবনের পেশা করেন তিনি। এই একই ইভেন্টে রোঞ্জ জিতেছেন মনোজ সরকার। এই সাফল্যের পর প্রমোদ ভগত ও মনোজ সরকারকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

মণীশ নারওয়াল ও সিংরাজ আধানাকে অভিনন্দন রাষ্ট্রপতির

নয়াদিল্লি, ৪ সেপ্টেম্বর (হি. স.): টোকিওতে পদকপ্রাপ্তির জন্য মণীশ নারওয়াল ও সিংরাজ আধানাকে অভিনন্দন জানানেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। শনিবার রাষ্ট্রপতি টুইটে লিখেছেন, “তরুণ মণীশ নারওয়াল শুটিয়ে স্বর্ণপদক জিতে ভারতকে গর্বিত করেছেন এবং প্যারালিম্পিকে তেরগা উড়াল দিয়েছেন। আপনি খুব অল্প বয়সেই অসীম প্রতিভা এবং নিষ্ঠা দেখিয়েছেন। আন্তরিক অভিনন্দন। আপনি ভবিষ্যতে অনেক সম্মান অর্জন করতে পারেন।” অপর একটি টুইটে রাষ্ট্রপতি লিখেছেন, “সিংরাজ আদানা একটি রৌপ্য পদক জিতেছেন এবং টোকিও প্যারালিম্পিকে তার রোঞ্জ জেতার পারফরম্যান্স যোগ করেছেন। আপনার ব্যতিক্রমী অভিনয়ের জন্য অভিনন্দন। আপনি ভবিষ্যতে আরো অনেক বিজয় উপভোগ করুন হিন্দুস্থান সমাচার/ অশোক

তেরঙা অনেক উঁচুতে উড়তে দেখার

স্বপ্ন পূরণ হয়েছে : সিংরাজ আধানা

টোকিও, ৪ সেপ্টেম্বর (হি.স.): তেরগা অনেক উঁচুতে উড়তে দেখার স্বপ্ন ছিল সিংরাজের, শনিবার তাঁর সেই স্বপ্ন পূরণ হয়েছে। টোকিও প্যারালিম্পিকে রূপো জেতার পর এমনটাই জানিয়েছেন ভারতীয় শুটার সিংরাজ আধানা। টোকিও থেকে ভার্চুয়ালি সিংরাজ জানিয়েছেন, ‘আমি ভীষণ খুশি। তেরগা অনেক উঁচুতে উড়তে দেখার স্বপ্ন পূরণ হয়েছে। আমাদের জাতীয় পতাকা যখন উড়ছিল ও জাতীয় সঙ্গীত বাজানো হয়েছিল, তখন আমি আনন্দিত হয়েছিলাম।’ শুটিয়ে (পি ৪ মিক্সড) ৫০ মিটার পিস্তল ইভেন্টে (এসএইচ ১) রূপো জিতেছেন সিংরাজ আধানা। ওই ইভেন্টেই সোনা জিতেছেন ১৯ বছরের মণীশ নারওয়াল। শনিবার তাঁর স্কোর ছিল ২১৮.২। রূপো জয়ী সিংরাজের স্কোর ২১৬.৭। টোকিও থেকে মণীশ জানিয়েছেন, ‘এই পদকের জন্য আমার পরিবার, কোচ, সমাজ ও সমস্ত ভারতীয় নাগরিকে ধন্যবাদ জানাচ্ছি।’

<div>Press Notice Inviting e - Expression of Interest (Abridged) No. e - 12/AGR/EE/MECH/2021-22</div> <div>Separate sealed e - E.O.I. is invited by the Executive Engineer (Mech), Department of Agriculture & Farmers' Welfare, Matripalli, Badharghat, Agartala on behalf of the "Governor of Tripura" from the eligible bidder(s) for "Empanement of Vendor (Model Specific) to sell "Mini Rise Mill (2" Call)" up to 24/9/2021 (13.00 hours)" Details can be seen in web-portal: www.tripuratenders.gov.in and may be contacted with o/o the undersigned if desired.</div> <div>ICA-C-2013/2021-22</div>	<div>Executive Engineer (Mech)</div> <div>Department of Agriculture & F. W.</div> <div>Matripalli, Badharghat, Agartala</div>
---	--

P N I e-T NO: 16/ EE-BSLD/ PWD/ 2021-22, Dated, 31/08/2021. The Executive Engineer, Bishalgarh Division, PWD(R&B), Gukulinagar,Bishalgarh,Sepahijala,Tripura on behalf of the "Governor of Tripura" invites online percentage rate e-tender up to 3.00 P.M. on 21-09-2021 for the following work:					
Sl. No	DNIT No	Estimated Cost	Earnest Money	Time for completion	Bid Fee
1	DNIT NO:54/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.14,52,195/-	Rs.14,522/-	4(four) months	Rs.1000/-
2	DNIT NO:55/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.17,06,569/-	Rs.17,066/-	3(three)months	Rs.1000/
3	DNIT NO:56/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.19,42,804/-	Rs.19,428/-	3(three)months	Rs.1000/
4	DNIT NO:57/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.11,95,896/-	Rs.11,959/-	3(three)months	Rs.1000/
5	DNIT NO:58/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.12,45,425/-	Rs.12,454/-	3(three)months	Rs.1000/
6	DNIT NO:59/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.7,40,892/-	Rs.7,409/-	2(two)months	Rs.1000/
7	DNIT NO:60/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.21,78,786/-	Rs.21,788/-	5(five) months	Rs.1000/
8	DNIT NO:61/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.24,09,563/-	Rs.24,096/-	5(five) months	Rs.1000/
9	DNIT NO:62/R/DNIe-T/EE-BSLD/PWD/2021-22	Rs.21,41,648/-	Rs.21,416/-	5(five) months	Rs.1000/
Last date and Time for document downloading and bidding up to 3.00 P.M. on 21-09-2021 And Time and date of opening of Bid at 16.00 Hrs. on 22-09-2021 if possible. For details visit website https://tripuratenders.gov.in/pwdbishalgarhdivision@gmail.com . For and on behalf of the ippyenar@OTTripurai					
ICA-C-2005/2021-22					
(Er.Sanjoy Sarkar) Executive Engineer, Bishalgarh Division, PWD(R&B) Sepahijala, Tripura.					

চার সোনা-সহ ১৭ পদক, প্যারালিম্পিক্সে ২৬ নম্বরে উঠে এল ভারত

টোকিও, ৪ সেপ্টেম্বর (হি.স) : শনিবার প্যারালিম্পিক্সে জোড়া সোনা এল ভারতের বুলিতে। ৫০ মিটার পিস্তল এসইচ ১ ইভেন্টে সোনা জিতলেন ভারতের মণীশ নারওয়াল। ব্যাডমিন্টনে পুরুষদের সিঙ্গলসে এসএল থ্রি বিভাগে

সোনা জিতলেন ভারতীয় শাটলার প্রমোদ ভগত। সব মিলিয়ে ৪টি সোনা, ৭টি রূপো ও ৬টি রোঞ্জ জিতেছেন ভারতের অ্যাথলিটরা। মোট ১৭টি পদক জিতেছে ভারত। পদক তালিকায় ২৬ নম্বরে উঠে এসেছে।

পদক তালিকায় চিন সকলের ধরাছোঁয়ার বাইরে চলে গিয়েছে। ৯৩টি সোনা, ৫৭টি রূপো ও ৫০টি রোঞ্জ-সহ মোট ২০০টি পদক জিতে তালিকায় শীর্ষে চিন। দু’নম্বরে থাকলেও পদক সংখ্যার নিরিখে অনেক পিছিয়ে থেট

ব্রিটেন। ৪১টি সোনা-সহ মোট ১২২টি পদক জিতেছে তারা। ৩৬টি সোনা সহ মোট ১১৭টি পদক জিতেছে তিন নম্বরে রাশিয়ান প্যারালিম্পিক্স কমিটি। ৩৫টি সোনা সহ ১০১টি পদক জিতে চার নম্বরে মার্কিন যুক্তরাষ্ট্র।

প্রমোদ ভগৎকে অভিনন্দন প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ৪ সেপ্টেম্বর (হি. স.): টোকিওয় প্যারালিম্পিক্সে ভারতের চতুর্থ সোনা জয়ে প্রমোদ ভগৎকে অভিনন্দন জানানলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী টুইটে লিখেছেন, “প্রমোদ ভগৎ সমগ্র জাতির হৃদয় জয় করেছেন। তিনি একজন চ্যাম্পিয়ন, ঝাঁর সাফল্য লক্ষ লক্ষ মানুষকে অনুপ্রাণিত করবে। তিনি উল্লেখযোগ্য স্থিতিস্থাপকতা এবং দৃঢ় সংকল্প দেখিয়েছেন। ব্যাডমিন্টনে সোনা জেতার জন্য তাঁকে অভিনন্দন। তাঁর ভবিষ্যৎ প্রচেষ্টার জন্য শুভ কামনা।” প্রসঙ্গত ব্যাডমিন্টনে সোনা জিতলেন প্রমোদ ভগত। ঝাঁ পায়ে



অসুবিধা নিয়েও সোনা জয় বিশ্বের এক নম্বর ব্যাডমিন্টন তারকার। গ্রেট ব্রিটেনের প্রতিপক্ষ ডানিয়াল বেথেলকে ২১-১৪, ২১-১৭ গেমে হারিয়ে দিলেন তিনি। পাঁচ বছর বয়স থেকে ঝাঁ পায়ে অসুবিধা শুরু হয় প্রমোদের। ১৩ বছর বয়সে ব্যাডমিন্টনের ম্যাচ দেখতে গিয়ে সেই খেলায় আকৃষ্ট হয়ে পড়েন তিনি। ১৫ বছর বয়সে সাধারণ খেলোয়াড়দের একটি প্রতিযোগিতায় অংশ নেন প্রমোদ। দর্শকদের চিৎকার উদ্ভুদ্ধ করে তাঁকে। ব্যাডমিন্টন খেলাকেই জীবনের পেশা করেন তিনি।

সেই সময় ঘুরে দাঁড়ানোর ইঙ্গিত পাওয়া গিয়েছিল তাঁর মুখ থেকে, কিন্তু হতাশা যেন কিছুতেই পিছু ছাড়ছে না তাঁর। এরপর একসাৎবাদিক বৈঠক থেকে কিছুটা কঁপা কঁপা গলায় নোয়োমি বলেন, “আমার মধ্যে কোনও আবেগ কাজ করছে না। জিতলে আনন্দ পাচ্ছি না। মনে হয় যেন হাঁফ ছেড়ে বাঁচলাম। হেরে গেলে

ভেঙে পড়ি। আমার মনে হয় না এটা স্বাভাবিক।” সেইসময় তাঁর শারীরিক অবস্থা দেখে সাংবাদিক বৈঠক বন্ধ করার প্রস্তাব উঠলে তিনি তাঁতে বাধা দেন। তিনি বলেন, এখন বেশ কিছু দিনের জন্য টেনিস থেকে বিরতি নিতে চাই। তাই আবার কবে মাঠে দেখা যাবে এই তারকা কে তা নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা।

ইউএস ওপেনে বিপর্যয় লেলাহার কাছে হার ওসাকার

ওয়াশিংটন, ৪ সেপ্টেম্বর (হি.স) : টোকিও অলিম্পিকে মানসিক অবসাদের কারণে সাফল্যের মুখ দেখা হলেও ওঠেনি জাপানী তারকার নোয়োমি ওসাকার। এরপর বেশ কয়েকটি ম্যাচে কোর্টে দেখা যায়নি এই তারকাকে। তবে শনিবার অনেক আশা নিয়ে ইউএস ওপেনে নেমেছিলেন এই জাপানী তারকা। কিন্তু এখানেও সঙ্গী হল সেই

হতাশা, যারফল স্বরূপ ৭-৫, ৬-৭, ৪-৬ এর ব্যবধানে লেলাহ ফার্নান্ডেজের কাছে হেরে বিদায় দিলেন চার বারের গ্র্যান্ড স্ল্যাম জয়ী নোয়োমি ওসাকা। এবারের টোকিও অলিম্পিকে টেনিস বিভাগে সকলেরই নজর ছিল নোয়োমি ওসাকার দিকে কিন্তু শেষ পর্যন্ত আর সাফল্যের মুখ দেখা হয়ে ওঠেনি এই জাপানী তারকার। তবে

সেই সময় ঘুরে দাঁড়ানোর ইঙ্গিত পাওয়া গিয়েছিল তাঁর মুখ থেকে, কিন্তু হতাশা যেন কিছুতেই পিছু ছাড়ছে না তাঁর। এরপর একসাৎবাদিক বৈঠক থেকে কিছুটা কঁপা কঁপা গলায় নোয়োমি বলেন, “আমার মধ্যে কোনও আবেগ কাজ করছে না। জিতলে আনন্দ পাচ্ছি না। মনে হয় যেন হাঁফ ছেড়ে বাঁচলাম। হেরে গেলে

ভেঙে পড়ি। আমার মনে হয় না এটা স্বাভাবিক।” সেইসময় তাঁর শারীরিক অবস্থা দেখে সাংবাদিক বৈঠক বন্ধ করার প্রস্তাব উঠলে তিনি তাঁতে বাধা দেন। তিনি বলেন, এখন বেশ কিছু দিনের জন্য টেনিস থেকে বিরতি নিতে চাই। তাই আবার কবে মাঠে দেখা যাবে এই তারকা কে তা নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা।

আমিরশাহিতে টেনিং শুরু নাইট রাইডার্স দলের

দুবাই, ৪ সেপ্টেম্বর (হি.স) : আইপিএলের বাকি অংশের খেলতে কয়েকদিন আগেই আরব আমিরশাহিতে পৌঁছে গিয়েছিল কেকেআর। লিগ টেবিলে আট দলের ভেতর সপ্তম স্থানে আছে শাহরুখ খানের দল। সাতটি ম্যাচ খেলে দুটি জয়, পাঁচটি হার। খুব বেশি আশা দেখছেন না সমর্থকরা। মিনি ট্রান্সফার উইন্ডো কাজে লাগে যখন অন্য দল কার্যকরী ক্রিকেটার দলে নিয়েছে, তখন

পকেটে টাকা বেশি না থাকায় উইন্ডো সেভাবে কাজে লাগাতে পারেনি কলকাতার দল। শনিবার হরভজন ছাড়াও নিতিশ রানা, কমলেশ নাগারকোট, পবন নেগি, রাহুল ত্রিপাঠী, গুরুকিরত সিং, সন্দীপ ওয়ারিয়রদের মত ক্রিকেটাররা উপস্থিত ছিলেন। আগামী ২০ সেপ্টেম্বর বিরাট কোহলির বেসালুর্নর বিরুদ্ধে অভিযান শুরু করবে নাইটরা। দ্বিতীয় পর্বে যদি শুরং থেকে

জিততে না পারা যায়, তাহলে এবারের মত প্লে অফের স্বপ্ন শেষ ধরে নিতে হবে দুবারের চ্যাম্পিয়নদের। কলকাতা নাইট রাইডার্স শিবিরে আইপিএলের বাদ্দি বেজে গেল। বাধ্যতামূলক কোয়ারেন্টিন পর্ব কাটিয়ে সংযুক্ত আরব আমিরশাহিতে প্র্যাক্টিসে নেমে পড়লেন হরভজন সিং, কুলদীপ হাদবর। বাধ্যতামূলক কোয়ারেন্টিন পর্ব কাটিয়ে প্রথম

নেট সেশন সেরেছেন ক্রিকেটারেরা। হরভজন সিং, কুলদীপ যাদব, বরুণ চক্রবর্তীরা প্র্যাক্টিস করেন। তবে সকলে এখনও দলের সঙ্গে যোগ দেননি। অল্প ক্রিকেটার থাকায় আবু ধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে প্র্যাক্টিস হয়নি। নেট সেশন হয় টলারেন্স ওভালে। জানা গেল, আবু ধাবির আবহাওয়া বেশ মনোরম। যা দেখে ক্রিকেটারদের পাশাপাশি ও গিম ম্যানেজমেন্টও কিছুটা অবাক।

এবং ইউরোপীয় ক্লাব অ্যাসোসিয়েশনের তরফে। ফিফা এই বিষয়ে জনমানসে প্রচারের ভাননা চিন্তাও শুরু করে দিয়েছে। দু’বছরে বিশ্বকাপ যদি হয় সেন্সেদ্রে ফুটবল বিশ্বে বড়সড় পরিবর্তন যাতে যেতে চলেছে।

দুবছর অন্তর ফুটবল বিশ্বকাপ, ফিফার সিদ্ধান্তের বিরোধিতা করবে উয়েফা

লন্ডন, ৪ সেপ্টেম্বর (হি.স) : দীর্ঘদিনের প্রচলিত রীতি অনুযায়ী ফিফা আয়োজিত ফুটবল বিশ্বকাপ প্রতি চার বছর অন্তর আয়োজন করা হয়। ফুটবলের প্রসার এবং অবশ্যই অর্থনৈতিক দিকটি মাথায় রেখে ফিফা প্রতি দুবছর অন্তর

বিশ্বকাপ আয়োজন করার ভাবনা চিন্তা করছে। ইউরোপীয় ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা উয়েফা এই বিষয়ে বিশ্বকাপ ভাবনার স্পষ্ট করে এর বিরোধিতার কথাই বলেছে। এই ইস্যুতে উয়েফার পাশে দাঁড়িয়েছে ইউরোপের সমস্ত বড়

ক্লাবগুলো। ফিফার চিফ অফ গ্লোবাল ফুটবল ডেভেলপমেন্ট আর্সেন ওয়েস্লর মূলত এই দুবছরে বিশ্বকাপ ভাবনার “জনক”। তবে সূত্রের খবর, ফিফার এই সিদ্ধান্ত বাস্তবায়িত করার চেষ্টা হলে তীব্র বিরোধিতার সম্মুখীন হবে উয়েফা



গণেশ পূজা আসন্ন। মূর্তি তৈরীতে ব্যস্ত শিল্পী। শনিবার আগরতলায় তোলা নিজস্ব ছবি।

ইপিএফের টাকা নয়ছয়ের অভিযোগ পরিষেবা বন্ধ রাখার ঘোষণা স্বাস্থ্যকর্মীদের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। সিপাহীজলা জেলার অ্যাম্বুলেন্স চালক ও স্বাস্থ্যকর্মীরা অনিদিষ্টকালের জন্য পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত ঘোষণা করেছে। ইপিএফ ফান্ডের টাকা নিয়ে নয়ছয় করার অভিযোগে এনেই তারা অনিদিষ্টকালের আন্দোলনে শামিল হয়। সিপাহী জলা জেলায় অ্যাম্বুলেন্স পরিষেবা স্তব্ধ হয়ে পড়েছে। শুক্রবার থেকে সিপাহী জলা জেলার সমস্ত অ্যাম্বুলেন্স চালক ও অ্যাম্বুলেন্সের স্বাস্থ্য কর্মীরা তাদের কাজ বন্ধ নাম রাখার কথা ঘোষণা করেছে। স্বাভাবিক কারণেই অ্যাম্বুলেন্স পরিষেবা সম্পূর্ণভাবে স্তব্ধ হয়ে পড়েছে। ঘটনার বিবরণে জানা যায় ১০২ এম্বুলেন্সের কাজে যোগ দেবার পর থেকে গত দেড় বছর যাবত অ্যাম্বুলেন্স চালক এবং স্বাস্থ্যকর্মীদের মাসিক বেতন থেকে প্রায় দেড় হাজার টাকা ইপিএফ ফান্ডের নামে কাটা হচ্ছে। এই টাকার হিসেব চাইতে গেলে সিপাহীজলা জেলার দুজন কর্মীকে দীর্ঘদিন ধরে অ্যাবসেন্ট করে রেখে দিয়েছে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্মীদের অবিলম্বে চাকরিতে পুনর্বহাল করা সহ সমস্ত কর্মীদের মাসিক বেতনের

হিসেব দেওয়ার দাবিতে শনিবার বিশালগড় অফিস টিলা কালীবাড়ি মাঠে অনিদিষ্টকালের জন্য অ্যাম্বুলেন্স পরিষেবা বন্ধ রেখে ধর্না ও বিক্ষোভ প্রদর্শনে বসেছে অ্যাম্বুলেন্স চালক ও স্বাস্থ্যকর্মীরা। সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে অ্যাম্বুলেন্স এর কর্মীরা জানান তারা তাদের স্টেট কো-অর্ডিনেটর আসিফ চৌধুরীর সঙ্গে ফোন করে ইপিএফ ফান্ড সহ তাদের বেতন সম্পর্কে জানতে চান তখন আশীষ চৌধুরী কর্তৃক তাদের দুর্ব্যবহারের শিকার হতে হয় বলে অভিযোগ করেন কর্মীরা। এর পরিপ্রেক্ষিতে দুজন অ্যাম্বুলেন্স কর্মীকে অনিদিষ্টকালের জন্য অ্যাবসেন্ট করে দেওয়া হয়েছে। ঘটনাবলী সম্পর্কে তারা জেলাশাসক থেকে শুরু করে শ্রমদপ্তর সর্বত্রই জানিয়েছেন। তাদের দাবি যতদিন পর্যন্ত পূরণ হচ্ছে না ততদিন পর্যন্ত পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে সিপাহীজলা জেলার ২৮ জন এম্বুলেন্স কর্মী। বিক্ষুব্ধ এম্বুলেন্স কর্মীরা পরিষেবা বন্ধ রাখার মুখ খুলবে পড়েছে গোটা সিপাহীজলা জেলার ১০২ অ্যাম্বুলেন্স পরিষেবা। এখন দেখার বিষয়কবে নাগাদ টনক নড়ে কতপক্ষের।

পোয়াংবাড়ির জনজাতিরা অপরিস্রুত জল পান করে নানা জল বাহিত রোগে আক্রান্ত হচ্ছেন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। ঋষ্যমুখ রকের রতনপুর এডিসি ভিলেজ বিন্দামাটিয়ার পোয়াংবাড়ির জনজাতিরা অপরিস্রুত পানীয় জল পান করে না। জল বাহিত রোগে আক্রান্ত হচ্ছে। সরকার বদলালেও ওইসব এলাকায় বসবাসকারী জনগণের ভাগ্যের চাকা ঘুরে না। বাম গেল রাম এল। কোন কালেই গিরিবাদীর জীবন যাত্রার মান উন্নত হলো না। ঋষ্যমুখ রকের রতনপুর এডিসি ভিলেজ বিন্দামাটিয়ার পোয়াংবাড়ির জনজাতিরা তাদের সমস্যা কথ্য সংবাদ মাধ্যমের সামনে তুলে ধরে বলেন, এই পাড়ায় মধ্যে জলের সমস্যা দীর্ঘ দিন ধরেই চলেছে।

বহুবার পঞ্চায়েত থেকে শুরু করে শাসকদলের নেতৃবৃন্দে জানিয়েও কোনো কাজ হয়নি। ফলে পানীয় জল থেকে বঞ্চিত গিরিবাদীরা। পরিশোধিত পানীয় জল না পেয়ে টিলা ঘামানো অপরিস্রুত জল পান করতে হচ্ছে গিরিবাদীদের। এ জল পান করে বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে পড়েছে ওইসব উপজাতি অংশের মানুষ। এই পাড়ার মধ্যে ৩০ থেকে ৪০ পরিবারের লোকের বসবাস। সবাই এই টিলা ঘামানো অপরিস্রুত জল পান করতে বাধ্য হচ্ছে। বর্ষার মৌসুমে বৃষ্টির জলের উপর নির্ভরশীল হতে হয় প্রতিটি পরিবারকে।

কর্মচারী সংঘের উদ্যোগে মধ্যশিক্ষা পর্যদে ডেপুটেশন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদ কর্মচারী সংঘের পক্ষ থেকে চার দফা দাবিতে শনিবার মধ্যশিক্ষা পর্যদ কর্তৃপক্ষের কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। চার দফা দাবি নিয়ে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদে ডেপুটেশন দিল বিএমএস ভুক্ত ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদ কর্মচারী সংঘ। ডেপুটেশন প্রদানের আগে এক মিছিল বসি এলাকা সফর করে।

সেখান থেকে টাকা প্রতিনিয়দিল মধ্যশিক্ষা পর্যদ কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাৎ করে ডেপুটেশন ও স্মারকলিপি তুলে দেন। এ বিষয়ে বিস্তারিত তথ্য দিতে গিয়ে সংগঠনের নেতৃবৃন্দ জানান, তারা দীর্ঘদিন ধরেই নানা বিষয়ে বঞ্চিত হয়ে আসছেন। দুজন অস্থায়ী কর্মী দীর্ঘদিন ধরে কাজ করে আসে তাদেরকে এখনো পর্যন্ত নিয়মিত করা হয়নি। তাদেরকে নিয়মিতকরণের দাবি জানানো হয়েছে। কর্মচারীদের পেনশন সংক্রান্ত বিষয়ে স্বচ্ছতা বজায় রাখে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়।

এছাড়া প্রতি বছর কলকাতা থেকে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদের পরীক্ষার ফলাফল সংক্রান্ত মার্কশিট তৈরি করে আনতে দুই কোটি টাকা খরচ হচ্ছে। সংগঠনের নেতৃবৃন্দ জানান রাজ্যে যাবতীয় পরিকাঠামো রয়েছে। এখানেই মার্কশিট তৈরি সহ যাবতীয় কাজকর্ম করার ব্যবস্থা করতে তাঁরা দাবি জানিয়েছেন। তাতে কর্মসংস্থানের সুযোগ বাড়বে এবং রাজ্যের টাকা বহির রাজ্যে যাবে না বলেও তারা মনে করেন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদ কর্তৃপক্ষ তাদের দাবিগুলো মেনে না নিলে তারা আরও বৃহত্তর আন্দোলনে সামিল হবেন বলে জানিয়েছেন।

কুলাঙ্গার ছেলের অত্যাচারে অতিষ্ঠ বৃদ্ধা মা শেষ পর্যন্ত প্রশাসনের দ্বারস্থ হলেন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। কুলাঙ্গার ছেলের অত্যাচারে অতিষ্ঠ বৃদ্ধা মা শেষ পর্যন্ত প্রশাসনের দ্বারস্থ হলেন। ঘটনা উদয়পুরের মাতাঝাড় মধ্যপাড়া এলাকায়। প্রত্যেক মা বাবা জীবন যৌবন উজাড় করে ছেলেমেয়েদের মানুষের মত মানুষ করে তোলার চেষ্টা করেন। কিন্তু সব মা-বাবার ভাগ্যে সন্তানের স্নেহ ভালোবাসা পাওয়া সম্ভব হয় না। অনেকে কুলাঙ্গার সন্তান হিসেবে আত্মীয়ত্ব হয়ে থাকে। এ ধরনের এক ঘটনার সাক্ষী রইল মন্দির নগরী উদয়পুর। ঘটনার বিবরণে জানা যায়, বৃদ্ধা মহিলা মিলন রানি দের স্বামী গত কয়েক বছর আগে সরকারি চাকুরী করা অবস্থায় মারা যান। স্বামী মারা যাওয়ার পর থেকে উনার বড় ছেলে চন্দন দে, বাবা প্রমোদ রঞ্জন দের সরকারি চাকুরী পাওয়ার জন্য মায়ের উপর ক্রমাগত চাপ সৃষ্টি করতে শুরু করে চাকুরীটা পাইয়ে দেবার জন্য তার জন্মদাত্রী মাকে অত্যাচার শুরু করে। বৃদ্ধা মা বড় ছেলের অত্যাচার থেকে রেহাই পেতে স্বামীর চাকুরীটা বড় ছেলের নামেই করে দেন চন্দন দে বর্তমানে আগরতলায় জি এস টি অফিসে কর্মরত পরবর্তীতে চন্দন তার মায়ের পেনশনের জমাণো ১ লক্ষ ২০ হাজার টাকা উঠিয়ে নিয়ে যায়। মায়ের পেনশনের অ্যাকাউন্ট বই, এটিএন কার্ড সহ সব কিছু চন্দন দে তার বৃদ্ধা মা এবং পরিবারের কাউকে কিছু না জানিয়ে নিয়ে যায়। বর্তমানে মায়ের শেষ

সম্পদ দু'গুণ জায়গা রয়েছে।

সেই জায়গা মায়ের কাছ থেকে ছিনিয়ে নেওয়ার জন্য প্রতিনিয়ত বাড়িতে এসে মায়ের উপর নির্যাতন চালাচ্ছে বলে অভিযোগ। শেষ পর্যন্ত মা বাধ্য হয়ে বড় ছেলের হাত থেকে রেহাই পেতে উদয়পুর মহকুমা শাসক এবং থানায় মামলা করেন কুলাঙ্গার ছেলে চন্দন দে। বিরুদ্ধে কুলাঙ্গার পুত্রের নির্মাতনে অসুস্থ হয়ে পরা মাকে পরবর্তীতে মাতাঝাড় মধ্য পাড়া থেকে মেজ ছেলে এসে নিয়ে যায়। বৃদ্ধা মাকে প্রথমে উদয়পুর গোমতী জেলা হাসপাতালে নিয়ে যায়। পরবর্তী সময় আগরতলা নিয়ে চিকিৎসা করায়।

মেজো ছেলে অসুস্থ বৃদ্ধা মাকে লালন পালন করে মৃত্যুর মুখ থেকে ফিরিয়ে এনেছে বলে জানান মিলন রানি দে। মিলন রানি দের বড় ছেলে চন্দন দে র কঠোর শাস্তির দাবি জানান পাশাপাশি মিলন রানী দে স্বামীর সম্পত্তি সহ জরুরী কাগজপত্র পাওয়ার জন্য উদয়পুর মহকুমা শাসক অধিরুদ্ধ রায় এবং আমতলী থানায় আবেদন করেন। বাবার মৃত্যুর পর বৃদ্ধা মাকে মারধর করে উই ইন হার্নেসে চাকুরী হাতিয়ে নিয়ে বৃদ্ধা মাকে নির্যাতন করার ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র প্রতিক্রিয়ায় সৃষ্টি হয়েছে। স্থানীয় বাসিন্দারাও অভিমুখ কুলাঙ্গার পুত্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

গোলাঘাটির বিভিন্ন এলাকায় পানীয় জলের তীব্র সংকট

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। গোলাঘাটি বিধানসভা কেন্দ্রের মুসলিম পাড়া এলাকার মানুষজন পানীয় জলের তীব্র সংকটে রয়েছেন। অটল জলধারার প্রকল্প তাদের ধরাছোঁয়ার অনেক বাইরে। প্রকল্প থেকে পুরোপুরি বঞ্চিত হয়েছেন ওইসব এলাকায় বসবাসকারী জনগণ। প্রতিটি দেশবাসী প্রতিটি রাজ্যবাসী যাতে পরিস্রুত পানীয় জল পেতে পারেন সেজন্য অটল জলধারা প্রকল্প থল প্র করা হয়েছে।

কিন্তু এটাই কি তাহলে রাজ্য সরকারের অটল জলধারার দৃশ্য! অটল জলধারার চিত্রে লক্ষ্য করা গেছে মানুষ জলের জন্য হাহাকার করছে। তবুও মিলছেনা জল। জল সংকটের এই দৃশ্যটি লক্ষ্য করা গেল গোলাঘাটি বিধানসভা কেন্দ্রের মুসলিম পাড়া এলাকার কাছাকাছি আশ পাশের বাড়ি ঘরে। উল্লেখ্য, মানুষের বাড়িঘরের কাছে জলের ট্যাপ থাকলেও তা দিয়ে ঠিকভাবে পড়ছেনা জল।

মুসলিম পাড়া এলাকার কাছে পবিত্র সরকারের বাড়ির নিকট একটি জলের পাম্প হাউজ রয়েছে। সেখান থেকে এলাকার সব পাড়ায় পাড়ায় জলের লাইন দেওয়া হয়েছিল। কিন্তু এখনো কিছু কিছু পাড়া সেই পাম্পহাউসের জল থেকে বঞ্চিত। যার দরুন মানুষকে অনেক দূর থেকে জল সংগ্রহ করে আনতে হচ্ছে। ভুক্তভোগী মানুষের দাবি সরকার যেন অটল জলধারা প্রকল্প সঠিক ভাবে বাস্তবায়িত করে তাদেরকে যেন এই জলের সমস্যা থেকে মুক্তি দেয়।

সক্রিয় রোগী বেড়ে ১.২৩ শতাংশ, ৩৩০ বেড়ে ভারতে মৃত্যু ৪.৪০-লক্ষাধিক

নয়াদিল্লি, ৪ সেপ্টেম্বর (হিস.) : ভারতে ফের কিছুটা কমে গেল দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, দৈনিক মৃত্যুর সংখ্যাও ৩৫০-র নীচে নেমে গিয়েছে। বিগত ২৪ ঘণ্টায় (শুক্রবার সারাদিনে) ভারতে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৪২ হাজার ৬৮৮ জন, এই সময়ে কোভিডে মৃত্যু হয়েছে ৩৩০ জনের। শুক্রবার সারাদিনে ভারতে সৃষ্টি হয়েছেন ৩৬,৩৮৫ জন, সংক্রমণ বৃদ্ধির জেরে ভারতে এই মুহূর্তে দুহুতার হার ৯৭.৪৩ শতাংশে পৌঁছেছে। ভারতে এই মুহূর্তে মোট চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা ৪,০৫, ৬৮১ জন (১.২৩ শতাংশ), বিগত ২৪ ঘণ্টায় সক্রিয় রোগীর সংখ্যা বেড়েছে ৫,৯০৩ জন। বিগত ২৪ ঘণ্টায় দেশে কোভিড টেস্টের সংখ্যা ১৭,০৪,৯৭০।

মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে ৪২,৬৮৮ জন সংক্রমিত হওয়ার পর দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩ কোটি ২৯ লক্ষ ৪৫ হাজার ৯০৭ জন। ভারতে ৬৭.৭২-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড-টিকাকরণ, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত মোট ৬৭, ৭২,১১,২০৫ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘণ্টায় (শুক্রবার সারাদিনে) টিকা দেওয়া হয়েছে ৫৮,৮৫, ৬৮৭ জনকে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় ৩৩০ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,৪০,২২৫ জন (১.৩৪ শতাংশ)।

ভারতে আরোগ্যের সংখ্যা স্বস্তি দিয়ে বেড়েই চলেছে, শুক্রবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ৩৬,৩৮৫ জন। ফলে শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সৃষ্টি হয়েছেন ৩, ২১,০০,০০১ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৭.৪৩ শতাংশ। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৬৭ কোটি ৭২ লক্ষ ১১ হাজার ২০৫ জনকে করোনা-টিকা দেওয়া হয়েছে। কেরলের কোভিড-পরিস্থিতি প্রতিনিধি চিন্তা বাড়ছে। বিগত ২৪ ঘণ্টায় সমগ্র ভারতে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৪২,৬৮৮ জন ও মৃত্যু হয়েছে ৩৩০ জনের, শুধুমাত্র কেরলেই শুক্রবার সারাদিনে সংক্রমিত হয়েছেন ২৯,৩২২ ও মৃত্যু হয়েছে ১৩১ জনের।

কাশবনের তরঙ্গে ভাসছে মায়ের আগমনী বার্তা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ সেপ্টেম্বর।। কাশবনের তরঙ্গে ভাসছে মায়ের আগমনী বার্তা। চারদিকে ফুটতে শুরু করেছে কাশফুল। কাশফুল জানান দিচ্ছে মা আসছেন। আর মাত্র ৩৪দিন। এসে গেছে শক্তি রূপিনী মায়ের আগমনীবার্তা। এই সাদা দফ দফে কাশবন আমাদের মনে আনন্দের দোলা লাগে। এই দফ দফে কাশবন অনেক দূর থেকে জল সংগ্রহ করে আনতে হচ্ছে।

কাশফুলের মনোরম ডেউ স্নেহে শুভ কাশ ফুলই প্রকৃতিতে শরৎ-র আগমনের খবর জানিয়ে দেয়। পালকের মতো নরম এবং ধব ধব সাদা রংয়ের ফুল ঘোষণা করে শক্তিরূপিনী মায়ের আগমনী বার্তা। করোনা অতিমারীর আতঙ্ক ভুলিয়ে দেয় কাশবন। মূলত দফ দফে প্রকৃতিতে শরতের আগমনের খবর জানান দেয় মনের কোনে যাবতীয় ব্যথা বেদনা কাশবনের ডেউ দেখতে হাজার যোজন দূরে সরে গেছে শরতের আকাশ সবার মন ছুঁয়ে যায় কাশফুল আসলে এক

ধরনের ঘাস ঘাস জাতীয় উদ্ভিদটি উচ্চতায় সাধারণতঃ তিন মিটার পর্যন্ত লম্বা হয়। গাছটির চিরল পাতার দুই পাশ বেশ ধারালো। নন্দীর ধার, জলাভূমি, চরাঞ্চল, শুকনো এলাকা, পাহাড় কিংবা গ্রামের কোনো উঁচু জায়গায় কাশফুল বেড়ে ওঠে। তবে নন্দীর তীরে পলিমাটির আন্তর যেখানে থাকে এই মাটিতেই কাশের মূল সহজে সম্প্রসারিত হতে পারে। বাজলি হিন্দুদের পরম্পরার উত্তরাধিকার দুর্গোৎসবের আবহ জাগে ধবধবে কাশফুলের সারি দেখতেই।

State Wide Rollout of
CM Helpline - 1905

CM Helpline
1905

on 6th September
2021

A Direct medium
between citizens and
CM's office

ICA/D-784/2021-22